

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৩১.২৫.১৭৬

বিষয়: আরিশা নীট ওয়্যার নামক কারখানার অনুকূলে ৩য় শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৫০৩, তারিখঃ ১৯/০৬/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আরিশা নীট ওয়্যার, অফিস ও কারখানাঃ তরকার মাঠ, শিয়াচর, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যাঃ বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০২৩২-২৫, তারিখঃ ২৮/০৭/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: নিটিং। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৩য় শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে বার্ষিক আমদানি স্বত্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৩য় শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারির সুপারিশপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ১০০% রপ্তানিমুখী বস্ত্রশিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৪.৯ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আরিশা নীট ওয়্যার ডিজাইন ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৩য় শ্রেণির আমদানিকারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বার্ষিক আমদানি স্বত্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা নির্ধারণ করে ৩য় শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।



২৮-০৭-২০২৫

মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৩১.২৫.১৭৬/১ (৫)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। স্বত্বাধিকারী, আরিশা নীট ওয়্যার, অফিস ও কারখানাঃ তক্কার মাঠ, শিয়াচর, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।
- ৫। ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।



S. Rahman

২৮-০৭-২০২৫

মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)।